বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০
www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com

স্মারক নং: ৪৭.৬৯.৩৫৫১.২০০.১১.০৭২.১৮.৫০৭ তারিখ:০২/১২/২০১৮খ্রিঃ।

নিয়োগ পত্র

"বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)" কর্তৃক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত বাছাইকৃত আবেদনকারীদের জন্য গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং "বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)"-এর ১০-২০ নং গ্রেডের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের জন্য গঠিত নিয়োগ ও পদোন্নতি কমিটির সুপারিশের আলোকে নিম্নে উল্লিখিত শর্তাবলি সাপেক্ষে "বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)" এর রাজস্ব বাজেটে আওতায় জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ১০ম গ্রেডের ১৬,০০০-১৬,৮০০-১৭,৬৪০-১৮,৫৩০-১৯৪৬০-২০,৪৪০-২১,৪৭০-২২,৫৫০-২৩,৬৮০-২৪,৮৭০-২৬,১২০-২৭,৪৩০-২৮,৮১০-৩০,২৬০-৩১,৭৮০-৩৩,৩৭০-৩৫,০৪০-৩৬,৮০০-৩৮,৬৪০/-টাকা বেতন স্কেলে এবং প্রারম্ভিক ১৬০০০/- (ষোল হাজার) টাকা মূল বেতন ও বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত প্রার্থীদেরকে তাদের নাম ও ঠিকানার পার্শ্বে বর্ণিত পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রঃ নং	নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদের নাম
১	সোনিয়া আক্তার পিতাঃ নুরুদ্দিন আহম্মদ	গ্রামঃ পশ্চিমপাড়া ডাকঘরঃ কোটালীপাড়া উপজেলাঃ কোটালীপাড়া জেলাঃ গোপালগঞ্জ	ট্রেনিং এনালিস্ট
২	মাসুদ মোল্যা পিতাঃ কাসেম মোল্যা	গ্রাম ও ডাকঘরঃ সীতারামপুর উপজেলাঃ কাশিয়ানী জেলাঃ গোপালগঞ্জ	এস্টেট কাম-স্টোর অফিসার
৩	মোঃ নাহিদ হাসান পিতাঃ মোঃ নজরুল ইসলাম	গ্রামঃ খোদাদপুর ডাকঘরঃ ওসমানপুর উপজেলাঃ ঘোড়াঘাট জেলাঃ দিনাজপুর	উপ সহকারী প্রকৌশলী (সিভিল)
৪	মাহবুবুর রহমান পিতাঃ হাবিবুর রহমান	গ্রামঃ কাকডাঙ্গা ডাকঘরঃ কেডি গোপালপুর উপজেলাঃ কোটালীপাড়া জেলাঃ গোপালগঞ্জ	উপ সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)
৫	মোঃ সেলিম রেজা পিতাঃ মোঃ আতাউর রহমান	গ্রামঃ ধোপাপাড়া ডাকঘরঃ ধোপাপাড়া উপজেলাঃ পুঠিয়া জেলাঃ রাজশাহী	সেলাই প্রশিক্ষক
৬	মোঃ আসাদুজ্জামান পিতাঃ মোঃ আমির হোসেন	গ্রামঃ পশ্চিম সিংহ ডাকঘরঃ কংশনগর উপজেলাঃ বুড়িচং জেলাঃ কুমিল্লা	ফার্ম সুপারভাইজার

শর্তাবলিঃ

(ক) চাকুরীতে যোগদানের পর হতে তাকে ৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিস হিসাবে দায়িত্ব পালন করতে হবে। শিক্ষানবিসকালে তার আচরণ ও কর্মকান্ড সন্তোষজনক বিবেচিত হলে তাকে নিয়মিতকরণ করা যাবে।

(খ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ০২ (দুই) বছর পূর্তির পূর্বে চাকুরী ত্যাগ করলে এ ক্ষেত্রে তার জন্য "বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)" কর্তৃক প্রশিক্ষণজনিত এবং অন্যান্য ব্যয় এককালীন পরিশোধ করতে বাধ্য থাকবেন- এ মর্মে যোগদানকালে ১৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অংঙ্গীকার পত্র দাখিল করতে হবে।

(গ) সিভিল সার্জনের নিকট হতে নিজ খরচে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে অবশ্যই শারীরিক সুস্থতার সার্টিফিকেট গ্রহণপূর্বক যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। ডাক্তারী সনদপত্র সন্তোষজনক না হলে চাকুরীতে তার যোগদান পত্র গ্রহণ করা হবে না।

(ঘ) শিক্ষানবিসকালে শৃংখলাজনিত কোন অপরাধ (বাপার্ডের' চাকুরী প্রবিধানমালা ২০১৫-এ বর্ণিত) প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার নিয়োগ আদেশ বাতিল করা হবে।

(ঙ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার চাকুরীর ক্ষেত্রে বাপার্ড ও সরকারের সকল বিধি-বিধান, নির্দেশ ও নিয়ম যথারীতি প্রযোজ্য হবে।

(চ) এ নিয়োগপত্রে উল্লিখিত বেতন স্কেল সরকারের আদেশে যে কোন সময় পরিবর্তিত হতে পারে এবং নিয়োগকৃত পদের পুণর্বিন্যাস ও নতুন নামকরণ করা যাবে।

(ছ) অন্য দপ্তর বা সংস্থায় কর্মরত প্রার্থীকে কাজে যোগদানে সময় স্ব-স্ব দপ্তর বা সংস্থার ছাড়পত্র অবশ্যই দাখিল করতে হবে নতুবা যোগদান পত্র গ্রহণ করা হবে না।

(জ) শিক্ষানবিসকালে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে কোন কারণ না দর্শিয়ে ০১ (এক) মাসের নোটিশ অথবা ০১ (এক) মাসের বেতন প্রদান করে যে কোন সময় চাকুরীচ্যুত/ছাঁটাই করা যাবে।

(ঝ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা তার নিজের জন্য এবং পরিবারের অন্যান্য সদস্যদের জন্য "যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না" মর্মে কাজে যোগদানের সময় লিখিত ঘোষনাপত্র প্রদান করবেন।

(ঞ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের যোগদানের পর তাদের জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপার্ড-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা-তে বর্ণিত বিধানাবলী ও সরকারের বিধি বিধান অনুসরণ করা হবে।

(ট) এ আদেশবলে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা সম্পর্কিত পুলিশ তদন্ত প্রতিবেদন এবং অতীত কার্যাবলী ও আচরণ (Character & Antecedent) সন্তোষজনক না হলে তাকে চাকুরী থেকে বরখাস্ত করা হবে।

(ঠ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী সময়ে নির্ধারিত মেয়াদের জন্য মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

(ড) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে যোগদানের পর সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে দায়িত্ব পালন করতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যাতিরেকে কর্মস্থল ত্যাগ করা যাবে না।

২। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ নিয়োগের উপরোক্ত শর্তাবলি যে কোন সময় পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন করতে পারবে।

৩। উপরোল্লিখিত শর্তসমূহ গ্রহণযোগ্য হলে আগামী ১০/১২/২০১৮খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ে এ আদেশবলে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ "বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)" কোটালীপাড়া, গোপালগঞ্জ-এ উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ মহাপরিচালক বরাবর যোগদানপত্র দাখিল করবেন।

৪। নির্ধারিত তারিখে মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ আদেশবলে নিয়োগপ্রাপ্ত প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০২/১২/২০১৮

(শেখ মোঃ মনিরুজ্জামান)
মহাপরিচালক
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)।

স্মারক নং: ৪৭.৬৯.৩৫৫১.২০০.১১.০৭২.১৮.৫০৭ তারিখ:০২/১২/২০১৮খ্রি:।

<u>অবগতি ও অনুলিপিঃ</u>

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাস ও অর্থ/ প্রশিক্ষণ, আইটি ও গবেষণা/ কৃষি) বাপার্ড।
৩। যুগ্ম পরিচালক (প্রশাসন ও অর্থ), বাপার্ড।
৪। উপপরিচালক (কৃষি/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ), বাপার্ড।
৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাপার্ড।
৬। জনাব/বেগম--
৭। ব্যক্তিগত নথি ।

০২/১২/২০১৮

মোঃ আব্দুল গণি মিনা
উপপরিচালক
ও
সদস্য সচিব নিয়োগ কমিটি।